

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৩/০৪/২০২৩

মহান মুক্তিযোদ্ধা ও গরীবের ডাক্তার জাফরুল্লাহ চৌধুরী'র প্রয়াণে কর্মজীবী নারী'র শোকবার্তা

বাংলাদেশের জনস্বাস্থ্য আন্দোলনের শীর্ষস্থানীয় নেতা, মুক্তিযোদ্ধা এবং গণস্বাস্থ্য কেন্দ্রে'র প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী'র প্রয়াণে 'কর্মজীবী নারী' সংগঠন শোক প্রকাশ করে। সংগঠনের নেতৃবৃন্দ এই শোকবার্তায় বলেন; ডা. জাফরুল্লাহ চৌধুরী'র মৃত্যুতে আমরা একজন মহান দেশপ্রেমিককে হারালাম। দেশের স্বাস্থ্যখাতের উন্নয়নে তাঁর অবদান অনস্বীকার্য। গণস্বাস্থ্য প্রতিষ্ঠার মাধ্যমে খেটে-খাওয়া সাধারণ মানুষের চিকিৎসা সেবায় যে অবদান রেখেছেন তা ভুলবার নয়। বাংলাদেশে জনস্বাস্থ্য আন্দোলনের পুরোধা ডা. জাফরুল্লাহ চৌধুরী 'গরীবের ডাক্তার' নামে সাধারণ জনগণের কাছে অধিক জনপ্রিয় ছিলেন। সাধারণ মানুষের অধিকার নিশ্চিতকরণে তাঁর মত ত্যাগী, মহান দেশপ্রেমিকের শূণ্যতা পূরণ হবার নয়। নেতৃবৃন্দ আরও বলেন, তাঁর কার্যক্রমের মধ্য দিয়েই তিনি সাধারণ জনগণের মাঝে চিরদিন বেঁচে থাকবেন।

কর্মজীবী নারী'র পক্ষে শোক প্রকাশ করেন প্রতিষ্ঠাতা সভাপতি শিরীন আখতার এমপি, সভাপতি দিলনাশিঁ মোহসেন, সহ-সভাপতি উম্মে হাসান ঝলমল ও শাহিন আক্তার পারভিন, সাধারণ সম্পাদক শারমীন কবীর, নির্বাহী পরিচালক রোকেয়া রফিকন এবং অতিরিক্ত নির্বাহী পরিচালক সানজিদা সুলতানা।

বার্তা প্রেরক

হাছিনা আক্তার

সমন্বয়ক (এইচ আর এন্ড এডমিন)

কর্মজীবী নারী

মোবাঃ ০১৭১২ ৪৭৯ ৫০১